



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

২ জুন, ২০১৭

মানবাধিকার কর্মী ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এডভোকেট সুলতানা কামালকে হেফাজতে ইসলাম কর্তৃক শারীরিক হুমকি প্রদানের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও তীব্র নিন্দা জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

মানবাধিকার কর্মী ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এডভোকেট সুলতানা কামালকে হেফাজতে ইসলামের সহ সভাপতি জুনায়েদ আল-হাবিব কর্তৃক প্রদত্ত হুমকির ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও তীব্র নিন্দা জানাচ্ছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। এডভোকেট সুলতানা কামাল যিনি তার সমগ্র জীবন ন্যয়বিচার প্রতিষ্ঠা এবং মানবাধিকার রক্ষার জন্য লড়াই করে যাচ্ছেন তার বিরুদ্ধে এরূপ হিংসাত্মক হুমকি প্রদানকারীদের আনতিবিলম্বে আইনের আওতায় এনে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আহ্বান জানাচ্ছে ব্লাস্ট।

উল্লেখ্য, ২৮ মে তারিখে বেসরকারি টেলিভিশন নিউজ টোয়েন্টিফোরে সুপ্রিম কোর্টের সামনে থেকে মৃণাল হকের তৈরি ভাস্কর্য স্থানান্তরের ইস্যুতে একটি টকশো প্রচারিত হয়। ওই টকশোর বক্তব্যের জের ধরে শুক্রবার হেফাজতের সহ সভাপতি জুনায়েদ আল-হাবিব এই হুমকি প্রদান করে।

কোন ব্যক্তির জীবনের প্রতি হুমকি প্রদান দেশের প্রচলিত আইন অনুযায়ী ফৌজদারী অপরাধ। ব্লাস্ট এ হুমকি প্রদানের ঘটনায় দায়ী ব্যক্তিদের ফৌজদারী আইনের অধীনে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও যথাযথ বিচারের মাধ্যমে শাস্তি প্রদান করার জোর দাবী জানাচ্ছে। ব্লাস্ট বাক স্বাধীনতা, বাংলাদেশের আসাম্প্রদায়িক চেতনা, সমতা এবং ন্যয়বিচার নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd